



স্পিকারকে চেয়ারম্যান করে সংসদ সচিবালয় কমিশন গঠন



জাতীয় সংসদ। ছবি: সংগৃহীত

স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমকে প্রধান করে পাঁচ সদস্যের সংসদ সচিবালয় কমিশন গঠন করা হয়েছে। শনিবার (৪ এপ্রিল) সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে বিষয়টি জানানো হয়। কমিশনের অন্যান্য সদস্য হিসেবে রয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান, বিরোধীদলীয় নেতা মো. শফিকুর রহমান, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান এবং অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

এর আগে ২ এপ্রিল জারি করা প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪-এর ধারা ৭ অনুযায়ী এই কমিশন গঠন করা হয়েছে।

LENS ASIA